গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০০৭.১৭-১০৫

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
১৪ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

প্রাপকঃ জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
গাজীপুর।

বিষয়ঃ **জনাব মো: হাবিবুল্লাহ, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর সদর, গাজীপুর-এর অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরি।**

সূত্র: খাদ্য অধিদপ্তরের পত্র নং-১৩.০১.০০০০.০৩৪.১৩.০০৩.১৭-১৪৫ তারিখ: ০৬/০৩/২০১৮ খ্রি:

জনাব,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: হাবিবুল্লাহ, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর সদর, গাজীপুর এ মন্ত্রণালয়ের ০৬/০২/২০১৭ খ্রিঃ তারিখের ৭৬ নং প্রজ্ঞাপন মূলে ০১/০১/২০১৭ খ্রিঃ হতে ৩১/১২/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে ০১/০১/২০১৮ খ্রিঃ তারিখে পূর্ণ অবসর গ্রহণ করেছেন। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা পেনশন ফরম ২.১ পূরণপূর্বক প্রাপ্য আনুতোষিকসহ মাসিক নীট পেনশন মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে সংশ্লিষ্ট কর্মকর্তার আনুতোষিক বাবদ ৪৪,৩৯,১১৫/- (চুয়াল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার একশত পনের টাকা) এবং নীট মাসিক পেনশন বাবদ ১৯,৩০০.৫০/- (উনিশ হাজার তিনশত টাকা পঞ্চাশ পয়সা) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পরিশোধের মঞ্জুরি জ্ঞাপন করছি:

(ক) উক্ত কর্মকর্তার নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তা তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।
(খ) তার প্রদত্ত ই,এল,পি,সি অনুযায়ী উক্ত কর্মচারী যে পরিমাণ আনুতোষিক ও মাসিক নীট পেনশন প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারি কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।

২। জনাব মো: হাবিবুল্লাহ, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর সদর, গাজীপুর-এর প্রাপ্য আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের পিপিও বহিঃ জারি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ

| | | |
|---|---|---|
| (ক) | সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ | ১ (এক) কপি |
| (খ) | নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১ | ১ (এক) কপি |
| (গ) | সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি | ১ (এক) কপি |
| (ঘ) | সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই,এল,পি,সি) (সংযোজনী-১) | ১ (এক) কপি |
| (ঙ) | সংশ্লিষ্ট কর্মকর্তার অবসর আদেশ | ১ (এক) কপি |
| (চ) | সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বিবরণী | ১ (এক) কপি |
| (ছ) | সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২) | ১ (এক) কপি |
| (জ) | সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও অঙ্গুলির ছাপ (সংযোজনী-৬) | ১ (এক) কপি |
| (ঝ) | সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮) | ১ (এক) কপি |
| (ঞ) | সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা | ১ (এক) কপি |

৪। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

সংযুক্তি- বর্ণনামতে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব
ফোন ৯৫৪০১১২
sasestabadmin@mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০০৭.১৭- ১০৫/১(৯)

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
১৪ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
২-৩। পরিচালক, প্রশাসন/(হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা, ২৯৯, পশ্চিম জুরাইন, ঢাকা।
৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর।
৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর সদর, গাজীপুর।
৮। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৯। জনাব মো: হাবিবুল্লাহ, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর সদর, গাজীপুর; বর্তমান ঠিকানা: বাসা নং-৩৩, রোড নং-১৫, সেক্টর-১১, উত্তরা, ঢাকা)।

১৪/৩/১৮
(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব

Nargis. Computer.Local.D.Pention File Letter